দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

### কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী অনুলিপি

সভা নং - ৬২ সময়ঃ বেলা ৩.৩০ টা
তাং - ২৯।০৪।২০২৫ স্থানঃ পৌরসভা সভাকক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (৫৯নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) নামজারিকরনের অনুমোদন।
(৬) বিবিধ।

উপস্থিতিঃ

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

* মহঃ নজরুল ইসলাম
* মাসতুরা সাহানি
* শ্রীমতী অনিতা মুখার্জী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রী গোপাল চন্দ্র ঘোষ
* শ্রীমতী কনিকা দেবনাথ
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রী সুভাষ ব্যানার্জী
* শ্রীমতী সুমিতা ঘোষ
* শ্রী অরবিন্দ মিত্র
* শ্রীমতী অন্তরা মজুমদার
* শ্রীমতী পিঙ্কি ঘোষ
* শ্রী সুশান্ত রায়
* শ্রী কিশোর কুমার রায়
* শ্রীমতী রাধারানী দত্ত
* শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রী অলোক সাহা
* শ্রীমতী বৈশালী ব্যানার্জী
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রী সঞ্জয় মন্ডল
* শ্রী অরুপ কুমার ঘোষ
* শ্রী সুকুমার মন্ডল

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪পরগনা

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাতা- নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন আপনার কাছে ইতিমধ্যেই চিঠি জমা হয়েছে পৌরএলাকার মুহুরী বস্তিতে মধুসুদন মন্ডলের পুকুর, ৯নং ওয়ার্ডে গোপাল সাহা ও সন্তোষ হালদারের পুকুর, ২৪নং ওয়ার্ডে সন্দীপ পাইকের পুকুর ভরাটের বিষয়ে। আমার কাছে ঐ চিঠির প্রতিলিপি আছে। পুকুরগুলি ভরাটের বিষয়ে পৌরসভা কি ভূমিকা পালন করেছে তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন চিঠি পেয়েছি। পৌরসভা দপ্তরগতভাবে এবং পুলিশ প্রশাসনকে বলা হয়েছিল। তারা তদন্ত করে দেখেছে। সন্তোষ হালদারের নামে রেকর্ডেড পুকুর নয় ডোবা আছে। পাইকদের পুকুরের বিষয়ে E.O. দপ্তরগতভাবে এবং পুলিশ প্রশাসনকে চিঠি দেবেন তদন্ত করে দেখার জন্য। আরো বলেন বোর্ড সভায় আপনারা যতটা সক্রিয় এলাকায় ততটা সক্রিয় থাকা উচিত।১৩ নং ওয়ার্ডে পুকুর ভরাট হচ্ছিল। পুলিশকে দিয়ে গ্রেপ্তার করিয়েছি।

পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ১ ও ৭ নং ওয়ার্ডেও পুকুর ভরাট হচ্ছে। এটাও দেখা দরকার।

পৌরপ্রধান পারিষদ সদস্য নজরুল ইসলাম মহাশয় বলেন ১নং ওয়ার্ডে Camelia College এর একটি পুকুর ভরাট শুরু হয়েছিল। বন্ধ করিয়েছি।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সকল কাউন্সিলরদের উদ্দেশ্যে বলেন আপনাদের ওয়ার্ডে যখনই ঐ ধরনের ঘটনা ঘটবে তখনই মালিকের নাম ঠিকানাসহ লিখিত আকারে জানাবেন।

১৩ নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন তাঁর ওয়ার্ডে জলের ট্যাঙ্ক তৈরী হয়েছে যে জমিতে সেই জমিতে জমি দাতার মায়ের নামে একটি ফলক লাগানোর প্রতিশ্রুতি ছিল। কিন্তু এখনও লাগানো হয় নি। দ্রুত ফলক লাগানোর জন্য আবেদন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় নির্বাহী আধিকারিক মহাশয়কে দ্রুত জমি দাতার মায়ের নামে ফলক লাগানোর ব্যবস্হা নিতে বলেন।

১৪ নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রী সুশান্ত রায় বলেন ডি-বাপি বিরিয়ানী আস্তে আস্তে PWD - র জায়গা দখল করতে করতে সোদপুর রোডের একেবারে ধারে বড় গেট করেছে। এটা দেখা উচিত।

পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ডি-বাপি বিরিয়ানীর বিষয়ে আগেও বহুবার আলোচনা হয়েছে। বড় রাস্তার ধার হতে অন্যান্য দোকান সরাতে পারছি। এটা পারছি না। বিষয়টা দেখা দরকার।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন আগেও বলা হয়েছিল ওখানে সকলে মিলে যাওয়া হবে। এ ব্যাপারে স্থানীয় কাউন্সিলরের অগ্রনী ভূমিকা নেওয়া উচিত।

উপস্থিত সকল সদস্য শ্রী সুভাষ ব্যানার্জীর বক্তব্য সমর্থন করেন এবং বলেন সকলে মিলে ওখানে গিয়ে কথা বলে ব্যবস্থা নেওয়া উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন PWD এবং SP কে চিঠি করা হয়েছে। ইতিপূর্বে অন্য একটি ঘটনায় মালিক গ্রেপ্তার হয়েছে। ১৪ দিন জেলে ছিল। সুতরাং পারছি না এটা সঠিক নয়। দপ্তরকে বলবো ওখানকার ছবি তুলে আনতে। পুলিশ প্রশাসনকে ওখানে পাঠানো হবে।

শ্রীমতি অন্তরা মজুমদার বলেন সকলেই জানেন নির্মল সাথীদের কাজের load বাড়ছে। দোকান / বাড়ি সার্ভের কাজও করতে হচ্ছে। প্রতিনিয়ত মিটিং করা চলছে। একটু মানবিক যদি হওয়া যায় তাহলে ভাল হয়।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন বর্জ্য সংগ্রহের কাজ আগামীদিনে App এর মাধ্যমে হবে। সে কারণে তথ্য সংগ্রহের কাজ চলছে। প্রতিনিয়ত সুডা হতে নতুন নতুন নির্দেশিকা আসছে। সারা রাজ্য জুড়ে এভাবেই চলছে। নির্দিষ্ট কাজ তাদেরকেই করতে হবে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৫৯ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৫৯নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় কতকগুলি কাজের টেন্ডার তহবিল সহ অনুমোদনের জন্য প্রস্তাব দেন। ADP র কাজের যে ১০টি tender বাতিল হয়েছিল সেগুলির 2nd Tender Call করা হয়েছে বলে জানান। আরো বলেন মাননীয় মুখ্যমন্ত্রী জেলা সফরে এসে আমাদের পৌরসভা এলাকায় Black top ও C.C. Road তৈরীর জন্য ৪.৬৪ কোটি টাকার বরাদ্দ ঘোষনা করায় District Planning Officer এর দপ্তর হতে নির্দেশনামা 251(5)/DPLO, date 04.04.2025 অনুযায়ী তার DPR প্রস্তুত করে RSPS (V-2) পোর্টালে আপলোড করার জন্য দ্রুত ব্যবস্থা নিতে বলেছেন।আমরা যে ওয়ার্ডগুলি তুলনায় কম উন্নত সেখানে বরাদ্দ বেশী রাখবো। দপ্তরের Engineer দের পৌরএলাকার সমস্ত ওয়ার্ড ঘুরে DPR তৈরী করতে বলা হয়েছে।উন্নত ওয়ার্ডগুলিতে ৫ লক্ষ টাকার কম বেশী বরাদ্দ রেখে বাকীটা অনুন্নত এলাকায় বরাদ্দ করা হবে।

শ্রী অলোক সাহা বলেন আপনার প্রস্তাবে যুক্তি আছে তবে উন্নত ওয়ার্ডগুলিতে আরো কিছু অর্থ বরাদ্দ করা উচিত। তা না হলে একটা বৈষম্য তৈরী হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন উন্নত ও অনুন্নত এটা কমানোর জন্য Parity আনার একটা চেষ্টা মাত্র।

মাননীয় উপ পৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন তথাকথিত উন্নত ওয়ার্ডগুলির জন্য নুন্যতম ১০ লক্ষ টাকা বরাদ্দ করা উচিত।

পৌরপারিষদ সদস্য নজরুল ইসলাম মহাশয় বলেন অনেক ওয়ার্ড আছে যেখানে কাজের জায়গা নেই। তিনি পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয়ের প্রস্তাব সমর্থন করেন।

শ্রীমতী পিঙ্কি ঘোষ মাননীয় উপ পৌরপ্রধানের প্রস্তাব সমর্থন করে তাঁর ওয়ার্ডে ১০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব দেন।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন চিঠিতে DPR তৈরী করে পোর্টালে আপলোড করার কথা বলা হয়েছে। CIC সদস্য বলেছেন Engineer রা Survey করে DPR তৈরী করবেন। আগে DPR তৈরী করা হোক।

সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) ADP র যে ১০টি কাজের tender বাতিল হয়েছিল তাদের 2nd call tender অনুমোদিত হল। NIT গুলি নিম্নে দেওয়া হলঃ-

(1) WBMAD/MM/NIT-13e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 317535.00 , Fund : ADP 24-25 WW

(2) WBMAD/MM/NIT-14e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 390869.00 , Fund : ADP 24-25 WW

(3) WBMAD/MM/NIT-15e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 314471.00 , Fund : ADP 24-25 WW

(4) WBMAD/MM/NIT-16e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 229642.00 , Fund : ADP 24-25 WW

(5) WBMAD/MM/NIT-17e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 250604.00 , Fund : ADP 24-25 WW

(6) WBMAD/MM/NIT-18e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 337798.00 , Fund : ADP 24-25 WW

(7) WBMAD/MM/NIT-18e/2024-25 (2nd Call), Sl. 2 ,
Amount : 404516.00 , Fund : ADP 24-25 WW

(8) WBMAD/MM/NIT-19e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 284750.00 , Fund : ADP 24-25 WW

(9) WBMAD/MM/NIT-20e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 246716.00 , Fund : ADP 24-25 WW

(10) WBMAD/MM/NIT-21e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 318905.00 , Fund : ADP 24-25 WW

(২) North 24 Parganas District Planning Officer এর Memo No. 251(5)/DPLO, dated 04.04.2025 অনুযায়ী পৌরএলাকায় Black Top ও C.C. Road তৈরীর জন্য ৪.৬৮ কোটি টাকার DPR তৈরী করে RSPS (V-2) পোর্টালে আপলোড করা হবে।

(৩) নিম্নলিখিত tender গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(1) WBMAD/MM/NIT-23e/2024-25 (2nd Call), Sl. 1 ,
Amount : 469808.00 , Fund : ADP 24-25 WW

(2) WBMAD/MM/NIT-29e/2024-25 (2nd Call) dt. 13.03.25, Sl. 1 ,
Amount : 2102663.00 , Fund : ADP 24-25

(3) WBMAD/MM/NIT-34e/2024-25 , Sl. 1 to 10 ,
Amount : 1560920.00 , Fund : ADP 24-25 Park

(4) WBMAD/MM/NIT-35e/2024-25 , Sl. 1 to 11 ,
Amount : 1803102.00 , Fund : ADP 24-25 Park

(5) WBMAD/MM/NIT-37e/2024-25 , Sl. 1 to 11 ,
Amount : 2403498.00 , Fund : Ward Development & Donation 577411

(6) WBMAD/MM/NIT-38e/2024-25 , Sl. 1 to 8 ,
Amount : 2711936.00 , Fund : ADP 24-25 (4507062) BEUP(392841) & SWM (322255)

(7) WBMAD/MM/NIT-39e/2024-25 , Sl. 1 to 6 ,
Amount : 1350616.00 , Fund : ADP 24-25

(8) WBMAD/MM/NIT-40e/2024-25 , Sl. 1 to 5 ,
Amount : 10588642.00 , Fund : SWM(5049267), ADP 24-25 (5539375)

(9) WBMAD/MM/NIT-41e/2024-25 , Sl. 1 ,
Amount : 155642.00 , Fund : NULM

(10) WBMAD/MM/NIT-42e/2024-25 , Sl. 1 ,
Amount : 1861894.00 , Fund : ADP 25-26

(11) WBMAD/MM/NIT-42e/2024-25 , Sl. 2 ,
Amount : 1864299.00 , Fund : ADP 24-25

(12) MM/EO/3620/ 2024-25,dt. 13.03.25, Sl. 1 ,
Amount : 99800.00 , Fund : ADP 24-25

(13) MM/EO/3621/ 2024-25,dt. 13.03.25, Sl. 1 ,
Amount : 97940.00 , Fund : ADP 24-25

(14) WBMAD/MM/NIT-43e/2024-25 dt. 29.03.25, Sl. 1 ,
Amount : 195455.00 , Fund : Municipal Own

(15) WBMAD/MM/NIT-44e/2024-25 dt. 29.03.25, Sl. 1 ,
Amount : 1108538.00 , Fund : Donation

(16) MM/EO/ 3792/2024-25,dt. 29.03.25, Sl. 1 ,
Amount : 97940.00 , Fund : ADP 24-25

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় পৌরসভার A.C. Machine গুলির AMC সহ Green City তহবিলের কাজের 70W LED Light সহ পোল লাগানোর e-tender টি অনুমোদন এবং সর্ব্বনিম্ন দরদাতা কে Work Order দেওয়ার জন্য প্রস্তাব দেন। জল দপ্তরের কাজের তিনটি e-tender অনুমোদন সহ বলেন পানীয় জলের সমস্যা সমাধানে ০২ নং ওয়ার্ডের কায়পুত্র পাড়া এবং ০৪ নং ওয়ার্ডের রামকৃষ্ণপল্লীতে দুটি গভীর নলকূপ তৈরী করা প্রয়োজন। আরো বলেন আপনারা জানেন দিগবেড়িয়াতে পৌরসভার Dumping Ground এ আগুন লেগেছিল।ঐ এলাকার মানুষজন প্রতিকার চেয়ে আবেদন করে পৌরপ্রধানের কাছে। SDO এসেছিলেন। প্রতিবেশীদের সাথে কথা হয়েছে। Dumping Ground এর মধ্যে চারদিকে রাস্তা, আলোর ব্যবস্হা, জলের পাম্প, CCTV লাগানো হবে বলে প্রতিবেশীদের জানাই।আমরা Dumping Ground এ উক্ত কাজগুলি 15th FC TIED তহবিল হতে করবো।

পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী বলেন EECL এর কাজ এখনও শেষ হয় নি।

শ্রী অলোক সাহা মাননীয় পৌরপ্রধানের বক্তব্য সমর্থন করে বলেন বেশ কিছুদিন হলো পানীয় জলের সমস্যা দেখা দিয়েছে। পৌরসভা থেকে লোক গেলে বলে সব ঠিক আছে। জনগন বিরক্ত হচ্ছে।যে Pump গুলি আছে সেগুলি ব্যবহার না করলে ধ্বংস হবে। বিষয়টি দেখার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন কিছু Pocket এ সমস্যা আছে। বিদ্যুতের সমস্যা ছিল। এখন অনেকটা মিটিছে। গঙ্গার জল যেখানে যাচ্ছে সেখানকার Pump গুলি ঠিক করে রাখা হচ্ছে। মাঝে মধ্যে চালানো হবে। ২৬,২৭,২৮ এ গঙ্গার জল নেই। সেখানে গঙ্গার জল পাঠানোর পরিকল্পনা চলছে বলে জানান। EECL এর কাজ যেটুকু বাকী আছে তারা দ্রুত সেটা শেষ করবে বলে জানান।

শ্রী অরুপ কুমার ঘোষ সকালের জল ৬.৩০ টার এর পরিবর্তে ৬.০০ টায় ছাড়ার প্রস্তাব দেন।

পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন প্রতি শুক্রবার এবং রোজার সময় ১১.৩০ টায় জল ছাড়ার জন্য বহুবার বলেছি। কিন্তু কার্য্যকর হচ্ছে না।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন বিবেচনা করা হবে। চিঠি করে জানিয়ে দেব।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বলেন তারের Quality ভাল না। গেজ ভাল নয়। এটা দেখা দরকার।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন tender কমিটিকে বিষয়টি দেখার জন্য বলা হবে।

সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হলঃ

(১) গ্রীন সিটি তহবিলের অর্থানুকুল্যে সাঝিরহাট রোড (জল প্রকল্প সামনে) ও মেঠোপাড়া কালভার্ট থেকে মেঠোপাড়া মসজিদ রোড অবধি 70W Light সহ পোল লাগাবার জন্য e-Tender No. WBMAD/MM/EL/NIT-03e/2024-25 অনুমোদিত হল। উক্ত Tender এ অংশগ্রহণকারী Agency র মধ্যে নিম্নদরদাতাকে Work Order দেবার সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) পৌরসভায় অন্তর্গত বিভিন্ন দপ্তরে A.C. Machine এর রক্ষণাবেক্ষণের কাজে পূর্বতন কোম্পানীর সুনামের ভিত্তিতে পূর্ব নির্দ্ধারিত মূল্যে একই শর্তে ঠিকাদার Dey Refrigeration কে পুনরায় যে Work Order MM/Chair/EL/WO/1277/24-25 , dt. 26.07.2024, Amount : Rs. 90000.00 টাকা দেওয়া হয়েছে তা অনুমোদিত হল।

(৩) নিম্নলিখিত Tender গুলি অনুমোদিত হলঃ-

(i) Tender No. WBMAD/MM/WS/NIT-15e/2024-25, DT. 15.01.2025 (Sl. No. 1)

(ii) Tender No. WBMAD/MM/WS/NIT-15e/2024-25, DT. 15.01.2025 (Sl. No. 2)

(iii) Tender No. WBMAD/MM/WS/NIT-15e/2024-25, DT. 15.01.2025 (Sl. No. 3)

(৪) রামকৃষ্ণপল্লী , ওয়ার্ড নং-০৪ ও কায়পুত্র পাড়া, ওয়ার্ড নং - ০২ এ দুইটি গভীর নলকূপ করার সিদ্ধান্ত গৃহীত হল ।

(৫) পৌরসভার Dumping Ground এর চারিদিকে রাস্তা তৈরী পর্যাপ্ত আলো লাগানো, CCTV লাগানো এবং পানীয় জলের Booster Pump বসানো হবে। প্রয়োজনীয় ব্যয় 15th FC Tied তহবিল হতে করা হবে।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য নজরুল ইসলাম মহাশয় বলেন সোদপুর রোড, যশোহর রোড, বাদু রোড এবং ওয়ার্ডের মধ্যেকার বড় Cover High Drain পরিষ্কারের কাজ শুরু হয়েছে। এবার ওয়ার্ডের মধ্যের ছোট ড্রেনগুলি পরিষ্কার করতে হবে। প্রতিবার আপনারা যে ড্রেনগুলি পরিষ্কার করান সেগুলি এবারও করবেন। দপ্তরের সাথে যোগাযোগ করে কাজ শুরু করবেন। নতুন কোন ড্রেন থাকলে তা চিঠি করে জানাতে হবে। দপ্তরগত পর্যবেক্ষন সাপেক্ষে প্রয়োজনের ভিত্তিতে পরিষ্কার করানো হবে। আরো বলেন আগামীকাল ৩০.০৪.২৫ তারিখ SUDA হতে Dy. Director অমিতাভ দাস আসবেন। তিনি নির্মলসাথীদের সাথে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ নিয়ে মূল্যায়ণ করবেন এবং আগামীদিনে কিভাবে কাজ করতে হবে সে বিষয়ে আলোচনা করবেন। সভাটি সন্ধ্যার নীড় হলঘরে হবে সকাল ১১.৩০ টা হতে। আপনাদের যদি কোন জিজ্ঞাসা থাকে তাহলে উক্ত সভায় আপনারা অংশগ্রহণ করতে পারেন।

পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন বাবুর হাটের মধ্যে জঞ্জালের পাহাড় জমেছে। বিষয়টি দ্রুত সমাধান করা দরকার।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বিষয়টির সাথে সহমত পোষণ করেন এবং অবিলম্বে বাবুর হাট মালিক কে জঞ্জাল পরিষ্কারের বিষয়ে নোটিশ করতে বলেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন বাবুর হাট মালিকের সাথে সভা করা হবে জঞ্জাল পরিষ্কারের বিষয়ে, উক্ত সভায় শ্রী সুভাষ ব্যানার্জী ও শ্রী পঙ্কজ কান্তি চন্দ থাকবেন।

(৫) নামজারিকরণের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী ১০১৭টি নামজারিকরণের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হল।

(১) টুম্পা ইন্দ্র গত ১৩.০৪.২০২৫ তারিখের জন্য নজরুল শতবার্ষিকী সদন বুক করে (Vide Receipt No. 336, dt. 08.04.15) ও উক্ত দিনে তাকে প্রশাসনিক কারণে সদন ব্যবহার করতে না দিয়ে চিত্রাঙ্গদা হল ব্যবহার করার অনুমতি দেওয়ার জন্য তাকে বাড়তি ৪০০০.০০ (চার হাজার) টাকা ফেরত দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) Gazette Notification No. 156-UDMA-13011(99)/2/2023 SEC-Dept. of UDMA (673943), dated, Kolkata, the 4th February 2025 অনুযায়ী Signage, Hoarding and outdoor Advertisement Policy পৌরএলাকায় লাগু করার সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________

(Stamp: মধ্যমগ্রাম পৌরসভা, উত্তর ২৪পরগনা)

ধন্যবাদান্তে,
নিমাই ঘোষ
পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা